

শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি
বগুড়া

একই স্মারকে ও একই তারিখে প্রতিস্থাপিত

স্মারক সংখ্যা-সাদি-১৭৬-বাশিএ/জেসা/বগ/২০০৯-২৪/২৬

তারিখ: ১৮ মার্চ ২০২৪

বিষয় : ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে সাধারণ জ্ঞান, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান এর আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমি, বগুড়ার আয়োজনে বগুড়া জেলা পরিষদ ভবনস্থ বাংলাদেশ শিশু একাডেমি, বগুড়া কার্যালয়ে শিশুদের মাঝে সাধারণ জ্ঞান, কবিতা আবৃত্তি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

বিস্তারিত কর্মসূচি:

| ক্র. নং | প্রতিযোগিতার নাম | শ্রেণি / বিভাগ | মাধ্যম/ বিষয় | তারিখ, সময় ও স্থান |
|---------|---------------------------|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--------------------------------------------------------------------------|
| ১. | সাধারণ জ্ঞান প্রতিযোগিতা | ক-বিভাগ(৫ম-৭ম শ্রেণি) খ-বিভাগ(৮ম-১০ম শ্রেণি) | বঙ্গবন্ধুকে জানো বাংলাদেশকে জানো বিষয়ক | ২৫.৩.২০২৪ বিকাল-৪টা স্থান : বাংলাদেশ শিশু একাডেমি বগুড়া |
| ২. | কবিতা আবৃত্তি প্রতিযোগিতা | ক-বিভাগ(১ম -৩য় শ্রেণি) খ-বিভাগ(৪র্থ -৭ম শ্রেণি) গ-বিভাগ(৮ম- ১০ম শ্রেণি) | “রৌদ্র লেখে জয়” --কবি শামসুর রাহমান “দক্ষগ্রাম” --কবি জসীম উদ্দীন “স্বাধীনতা তুমি ” -কবি শামসুর রাহমান | ২৬ মার্চ ২০২৪ বেলা-২.৩০টা স্থান:বাংলাদেশ শিশু একাডেমি বগুড়া। |
| ৩. | চিত্রাঙ্কন প্রতিযোগিতা | ক-বিভাগ (পে - ১ম শ্রেণি) খ-বিভাগ (২য়-৪র্থ শ্রেণি) গ-বিভাগ (৫ম-৭ম শ্রেণি) ঘ-বিভাগ(৮ম -১০ম শ্রেণি) ঙ-বুদ্ধি প্রতিবন্ধি (১ম-১০ম শ্রেণি পর্যন্ত) | ইচ্ছেমতো (জল রং /প্যাস্টেল রং) জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পন (জল/প্যাস্টেল রং) গেরিলা যুদ্ধ(জল রং /প্যাস্টেল রং) ২৫ মার্চ ১৯৭১ এর গণহত্যা (জল রং/প্যাস্টেল রং) ইচ্ছেমতো(জল রং/প্যাস্টেল রং) | ২৬ মার্চ ২০২৪ বেলা-২.৩০টা স্থান: বাংলাদেশ শিশু একাডেমি, বগুড়া। |
| | | আলোচনা সভা ,পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান | | ২৬ মার্চ ২০২৪ বিকাল-৪টা স্থান: জেলা পরিষদ মিলনায়তন বগুড়া। |


চিত্রাঙ্কন প্রতিযোগিতার জন্য কার্টিস পেপার সরবরাহ করা হবে। অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী সঙ্গে আনতে হবে। সাধারণ জ্ঞান প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ২৪.৩.২০২৪ তারিখ বিকাল-৩.৩০টার মধ্যে ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ২৫.০৩.২০২৪ তারিখ বিকাল-৩.৩০টার মধ্যে সরাসরি অথবা ই-মেইলে নাম রেজিস্ট্রেশন করতে হবে।email: bsabogra@gmail.com | রেজিস্ট্রেশন করার সময় প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

গৃহীত কর্মসূচিতে আপনার প্রতিষ্ঠানের/সংগঠনের শিশুরা যাতে অংশগ্রহণ করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হল।

সংযুক্ত : কবিতা- ১ কপি।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক/পরিচালক/সভাপতি/সম্পাদক/

....., বগুড়া।

 ১৮.৩.২৪
(শাহ মোঃ ইসাহাক আলী)
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বগুড়া।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।

২. জেলা প্রশাসক, বগুড়া।

৩. পুলিশ সুপার, বগুড়া

৪. জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া(গৃহীত কর্মসূচিতে আপনার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীরা যাতে অংশগ্রহণ করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

